সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/ ২৮২

তারিখঃ ০৩ ডিসেম্বর, ২০২৫

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক Customs Bond Management System (CBMS) ব্যবহার বাধ্যতামূলক করা প্রসঙ্গে।**

সূত্রঃ ক) জাতীয় রাজস্ব বোর্ডের প্রেস রিলিজ, তারিখঃ ০১ ডিসেম্বর, ২০২৫ইং।
খ) বিজিএমইএ'র সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/২৬৭ তারিখঃ ১৭/১১/২০২৫ইং

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। আপনারা জানেন যে, গত ০১ জানুয়ারী, ২০২৫ইং তারিখ থেকে জাতীয় রাজস্ব বোর্ড Customs Bond Management System (CBMS) নামক একটি স্বয়ংক্রিয় সফটওয়্যার চালু করেছে। সফটওয়্যারের ২৪টি মডিউল ব্যবহার করে বন্ডেড ওয়্যার হাউজ লাইসেন্সধারী প্রতিষ্ঠানগুলোকে অনলাইন সেবা প্রদান করা হচ্ছে। CBMS এর UP মডিউলটি চালু থাকলেও বাধ্যতামূলক না হওয়ায় গত ১১ মাসেও এর ব্যবহার আশানুরুপ মাত্রায় পৌছায়নি। এ বিষয়ে গত ১৬/১১/২০২৫ইং তারিখে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক একটি প্রেস রিলিজ জারী করা হয়। যা সূত্রোক্ত 'খ' সার্কুলারের মাধ্যমে আপনাদেরকে অবগত করা হয়েছে।

বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানসমূহকে দ্রুততা ও স্বচ্ছতার সাথে সেবা প্রদানের লক্ষ্যে আগামী ০১ জানুয়ারী, ২০২৬ তারিখ হতে প্রতিষ্ঠান সমূহের অনুকূলে Utilization Permission (UP) ইস্যূকরণ সংক্রান্ত সকল সেবা গ্রহণ ও প্রদানের ক্ষেত্রে CBMS সফটওয়্যার এর ব্যবহার বাধ্যতামূলক করা হয়েছে। উক্ত তারিখ থেকে বন্ডেড প্রতিষ্ঠান সমূহকে ইউপি ইস্যূ সংক্রান্ত কোন সেবা CBMS সফটওয়্যার ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রদান করা হবে না মর্মে জাতীয় রাজস্ব বোর্ড গত ০১ ডিসেম্বর, ২০২৫ তারিখে একটি প্রেস রিলিজ জারী করেছে। যা আপনাদের সদয় অবগতির জন্য এতদসঙ্গে সংযুক্তি আকারে প্রেরণ করা হলো।

তাই আপনার প্রতিষ্ঠানের বন্ডেড ওয়্যারহাউজের UP সংক্রান্ত সকল কার্যক্রম CBMS সফটওয়্যারের UP মডিউল ব্যবহার করে দাখিল করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

৩/১২/২৫

**মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)**
সচিব (ভারপ্রাপ্ত)

সংযুক্তিঃ বর্ননামতে।

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা
www.nbr.gov.bd

তারিখ: ০১ ডিসেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

**প্রেস রিলিজ**

## ১ জানুয়ারী ২০২৬ খ্রি. হতে Customs Bond Management System ব্যবহার বাধ্যতামূলক করলো জাতীয় রাজস্ব বোর্ড

দেশের বন্ড ব্যবস্থাপনাকে আধুনিক, স্বচ্ছ ও প্রযুক্তিনির্ভর করতে গত ০১ জানুয়ারি, ২০২৫ তারিখ থেকে জাতীয় রাজস্ব বোর্ড **Customs Bond Management System (CBMS)** নামক একটি স্বয়ংক্রিয় সফটওয়্যার চালু করেছে। বর্তমানে এনবিআরের অধীনস্থ ০৩ (তিন) টি কাস্টমস বন্ড কমিশনারেটের মাধ্যমে এই সফটয়্যারের ২৪টি মডিউল ব্যবহার করে বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানগুলোকে অনলাইনে সেবা প্রদান করা হচ্ছে।

বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী রপ্তানিকারক প্রতিষ্ঠানগুলো শুল্কমুক্তভাবে কাঁচামাল আমদানির জন্য শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তরের অনুমোদিত সহগ অনুযায়ী সংশ্লিষ্ট কাস্টমস বন্ড কমিশনারেট থেকে **Utilization Permission (UP)** গ্রহণ করে থাকে। CBMS-এর UP মডিউল চালু হলেও এখনও বেশিরভাগ প্রতিষ্ঠানই ম্যানুয়াল পদ্ধতিতে UP নিচ্ছে, মাত্র অল্প কিছু প্রতিষ্ঠান অনলাইনে এই সেবা নিচ্ছে। সফটওয়্যারটির ব্যবহার বাধ্যতামূলক না হওয়ায় গত ১১ মাসেও এর ব্যবহার কাঙ্খিত মাত্রায় পৌঁছায়নি। CBMS সিস্টেমটি ব্যবহারকারীদের কাছ থেকে প্রাপ্ত মতামতের ভিত্তিতে সিস্টেমটিতে প্রয়োজনীয় উন্নয়ন ও সংশোধন করে আরও ব্যবহারবান্ধব করা হয়েছে।

বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানসমূহকে দ্রুততা ও স্বচ্ছতার সাথে সেবা প্রদানের লক্ষ্যে আগামী ০১ জানুয়ারি, ২০২৬ তারিখ হতে বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠানসমূহের অনুকূলে Utilization Permission (UP) ইস্যুকরণ সংক্রান্ত সকল সেবা গ্রহণ ও প্রদানের ক্ষেত্রে CBMS সফটওয়্যার এর ব্যবহার বাধ্যতামূলক করে উক্ত তারিখ থেকে বন্ডেড প্রতিষ্ঠানসমূহকে UP ইস্যু সংক্রান্ত কোন সেবা CBMS সফটওয়্যার এর মাধ্যম ব্যতিত অন্য কোন মাধ্যমে প্রদান করা হবে না মর্মে জাতীয় রাজস্ব বোর্ড একটি পরিপত্র জারি করেছে।

CBMS বাধ্যতামূলক হওয়ার সুবিধাসমূহ:

- এনবিআরের সেবা প্রদান প্রক্রিয়ায় দ্রুততা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে;
- বন্ডেড প্রতিষ্ঠানগুলোর জন্য সেবা প্রাপ্তি হবে আরও সহজ, সময়সাশ্রয়ী ও ব্যয়সাশ্রয়ী হবে;
- কাঁচামালের ইন-পুট ও আউট-পুটের তথ্য সফটওয়্যারে এন্ট্রি করায় হিসাব রক্ষণ স্বয়ংক্রিয় ও স্বচ্ছ হবে;
- বন্ড কমিশনারেটে ম্যানুয়ালি দলিলপত্র জমা দেওয়ার জটিলতা দূর হবে; এবং
- বন্ড সংক্রান্ত বিভিন্ন বিবাদের পরিমাণ উল্লেখযোগ্য হারে হ্রাস পাবে।

বিনিয়োগবান্ধব পরিবেশ সৃষ্টি ও দেশের অর্থনীতিকে সমৃদ্ধ করার লক্ষ্যে বন্ডেড ওয়্যারহাউসিং ব্যবস্থাপনা সংক্রান্ত অটোমেটেড CBMS সিস্টেমের ব্যবহার বাধ্যতামূলক করায় এনবিআরের ডিজিটালাইজেশন কার্যক্রম আরও এক ধাপ এগিয়ে গেল। স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে রাজস্ব ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কার্যক্রম ধীরে ধীরে পূর্ণ অটোমেশনের আওতায় আনার এনবিআরের এই প্রচেষ্টা অব্যাহত থাকবে।

**-জাতীয় রাজস্ব বোর্ড**

Shaheen ... 2/12/2025